

গৌতম মুখোপাধ্যায়
দেখা দিন, না দেখা দিন

আমি এখনও নির্বাচিত করিনি তোমার দেহ,
এখনও ইঙ্গিত করিনি তোমাকে নগব হওয়ার,
এখনও অপেক্ষার অন্তর্বাস তোমার স্তনবৃত্ত ঘিরে --
এখনও নিষিক্ত হয়নি আমার নির্বাচিত জন।

খালাসিটোলায় দেশী মদের গেলাস এবং দেবদাস।
টেবিল জুড়ে সিগারেট আর সাম্যবাদের ছাই,
ফ্যাশান-প্যারেডে অ্যানিমিক যৌনতা চাটে নারীবাদী সমাজ।
একটা পাগল পেচছাপ করে কলেজস্ট্রীটের মোড়ে।

রাস্তার কলে গা-খুলে স্নান করা মেয়ে
বুক আর পিঠে খামচানো ব্যবসার দাগ,
ধূসর ঠোঙায় মুড়ি খুঁটে খায় কন্ডেম ফাটা ছেলে
সেখানে নাচেনি কেনা হিজরে ভাঙা ফুটপাত জুড়ে।

মোষ-কালে রাতে লাশ কাটা ঘরে আমি নির্বাচিত শব --
বুকের পাঁজরে বুলেটের সাথে নিষিদ্ধ ইন্সেহার,
কাল ছিল গণতন্ত্রের ঢেকুর তোলা ভোট !
একটা পাগল যাদুঘরে খোঁজে মৌলিক অধিকার।

কেননা মানুষ

ইশ্বরের বিধবাকে একমুঠো চাল ভিক্ষা দিয়েছি
কেননা মানুষ আমি --
তাই ইহলোক চিনবার আগেই আমি বুঝতে শিখেছি
চক্রান্ত, নির্বাচন আর স্বর্গীয় রাজনীতির তীব্র ঋতুগন্ধ!
ফ্ল্যাশব্যাকে মস্তস্তরে অনাথ দেবশিশুকে নিয়ে সমকামী অসুরের উল্লাস!
আর এটাই সত্য ---
যেমন সত্য সহবাস, সংবিধান আর নিমজ্জিত ঔশ্বর।

আগুন বহমান

আগুন নিয়ে লিখব বলে ভেবেছিলাম সারাসকাল,
আগুন নিয়ে লিখব বলে চায়ের কাপে সমুদ্র লাল।
আগুন নিয়ে লিখব বলে রান্নাঘরে ভাতের হাঁড়ি,
আগুন নিয়ে লিখব বলে শ্মশান জুড়ে চিতার সারি।
আগুন নিয়ে লিখব বলে আকাশ-পাতাল চিন্তা ধূ-ধূ
বক্ষম্বরে আগুন গায়ে বাইশ বছরের জ্বলছে বধু।

টায়ার-জ্বলা গভীর রাতে, মোবাইল ফোনের আর্তনাদে
ঘুম ভাঙে এক বেশ্যা নারীর - চন্ হোটেলে চন্ -
মিছিল-মিটিং শহীদ-মিনার, রক্ত গরম স্লোগান-ব্যানার,
সিলিংফানে জ্বলছে শ্রমিক ভাতের থালায় জল -
- চন্ ব্রিগেডে চন্ -

জ্ঞানের আগুন পিঠের ওপর, বি-এ বি-কম্ শিক্ষা টোপর,
সার্টিফিকেট জ্বলছে চুলায়, ভাত ফোটে টগবগ্ -
আসছে আমার পাগলা ঘোড়া, ওরে বিবি সরে দাঁড়া,
ফুসফুসে তার জ্বলছে আগুন, ঘোড়া ছোটে টগবগ্
- ভাত ফোটে টগবগ্।